



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- .....

তারিখ: .....

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক, (ভারপ্রাপ্ত)

শহীদ আব্দুল খালেক উচ্চ বিদ্যালয়,

ডাকঘর: খিদিরপুর বাজার, উপজেলা/থানা, আটঘরিয়া, জেলা: পাবনা।

বিষয় : ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৩.৭৬০৫.০০০.৩২.০০৭.১৮-৪১


তারিখ:- ০৯/০১/২০১৮ইং

এবং স্মারক নং-০৫.৪৩.৭৬০৫.০০০.৩২.০০৭.১৮-২১৯ তারিখ:- ১৮/০২/২০১৮ইং

ও স্মারক নং-৪/এস/০৭/৬৩৬ তারিখ:২৩/৭/১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা এর তদন্ত প্রতিবেদন মূলে আপনার বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির ০৬ (ছয়) জন সদস্যের পদত্যাগের সত্যতা প্রমাণিত হওয়ায় এবং কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্য পদত্যাগ করায় ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না এই মর্মে অত্র বোর্ডের স্মারক নং-৪/এস/০৭/৮৮৮ তারিখ ০৫/০৩/২০১৮ এর মাধ্যমে ০৭ (সাত) দিনের মধ্যে জবাব দাখিলের জন্য সভাপতিকে কারণ দর্শানো হয়। উক্ত জবাব দাখিলের মেয়াদ ১২/০৩/২০১৮ তারিখে শেষ হয়। কিন্তু সভাপতির জবাব পাওয়া গেছে ২১/০৩/২০১৮ তারিখ। ম্যানেজিং কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্য পদত্যাগ করায় এবং সভাপতির জবাব সন্তোষজনক না হওয়ায় প্রবিধানমালা ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী আপনার বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটি বাতিল করা হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী।

স্মারক নং- ০৫.৪৩.৭৬০৫.০০০.৩২.০০৭.১৮-২১৯


তারিখ: ২৩/৭/১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :


- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটঘরিয়া, পাবনা।
- ৫। ম্যানেজার, সোনালী ব্যাংক, আটঘরিয়া, পাবনা।
- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি

শহীদ আব্দুল খালেক উচ্চ বিদ্যালয়,

ডাকঘর: খিদিরপুর বাজার, উপজেলা/থানা, আটঘরিয়া, জেলা: পাবনা।

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

  
১৩/০৩/১৮